দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

তারিখঃ ১৪-০৯-২০২৩ (পৃঃ ০৭)

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর

## Bangladesh Rice Research Institute, Gazipur

Phone : 49272005-14, Fax: 8802 -49272000, E-mail: brrihq@yahoo.com
Website: www.brri.gov.bd

পত্র নং ঃ ১২.২২.০০০০.০৩২.০১.৮৫৪.২৩.১৩১১

তারিখঃ ২৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১ (২০২৩-২০২৪)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর রাজস্ব বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে অনলাইনে (http://brri.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাইতেছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হইবে না।

| ক্রঃ নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ০৫-১০-২০২৩ তারিখে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না |
|---|---|---|---|---|---|
| ১ | এডিটর<br>টাঃ ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ১(এক)টি | ৩৭ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি অথবা সাংবাদিকতা ও গণযোগাযোগ বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ কৃষি গবেষণা সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন, সম্পাদনা ও মুদ্রণ ব্যবস্থাপনায় অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবেঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |
| ২ | মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার<br>টাঃ ৩৫৫০০-৬৭০১০/-(গ্রেড-৬) | ১(এক)টি | ৩৭ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল বা সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রী সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের CGPA প্রাপ্ত হইতে হইবে। | |
| ৩ | সাইন্টিফিক অফিসার (এসও) কৃষি<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড- ৯) | ২০(বিশ)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। | |
| ৪ | সাইন্টিফিক অফিসার (এসও) কৃষি (অস্থায়ী)<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড- ৯) | ৩(তিন)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। | |
| ৫ | সাইন্টিফিক অফিসার (এসও) কৃষি প্রকৌশল<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড- ৯) | ৩(তিন)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। | |
| ৬ | সাইন্টিফিক অফিসার (এসও) কৃষি অর্থনীতি<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড- ৯) | ২(দুই)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি অর্থনীতি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। | |
| ৭ | সাইন্টিফিক অফিসার (এসও) কৃষি পরিসংখ্যান<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড- ৯) | ১(এক)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি পরিসংখ্যানে স্নাতকোত্তর ডিগ্রী অথবা পরিসংখ্যান বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা পরিসংখ্যান বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। | |
| ৮ | প্লানিং অফিসার<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড- ৯) | ১(এক)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি অর্থনীতি বা অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। | |
| ৯ | সাব এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ২(দুই)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১০ | এসএ (ফিল্ডম্যান)<br>টাঃ ১২৫০০-৩০২৩০/-(গ্রেড-১১) | ৩(তিন)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা। | |
| ১১ | এ্যাসিসটেন্ট একাউন্টস অফিসার<br>টাঃ ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | ১(এক)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ হিসাব সংরক্ষণ/অর্থ ব্যবস্থাপনায় অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১২ | এসিসটেন্ট লাইব্রেরিয়ান<br>টাঃ ১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | ১(এক)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা এবং গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | বরগুনা, বরিশাল, ভোলা, ঝালকাঠি, বি-বাড়ীয়া, রাঙ্গামাটি, ফরিদপুর, গাজীপুর, মাদারীপুর, মুন্সীগঞ্জ, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নেত্রকোণা, শেরপুর, নওগাঁ, নাটোর, চাপাইনবাবগঞ্জ, পাবনা, দিনাজপুর, গাইবান্ধা, ঠাকুরগাঁও, এবং হবিগঞ্জ ।<br>তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |
| ১৩ | ইউডি কাম একাউনটেন্ট<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ২(দুই)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৪ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (স্টেনো টাইপিষ্ট)<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ৪(চার)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দ এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২৮ শব্দের গতিসহ কম্পিউটার চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৫ | এগ্রোমেট্রোলজিক্যাল এসিসটেন্ট<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল/পরিসংখ্যান/রসায়ন/পদার্থ বিদ্যা এবং গণিত বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৬ | ম্যাকানিক<br>টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | ১(এক)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্স সনদপ্রাপ্তসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৭ | ইলেকট্রিশিয়ান<br>টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | ২(দুই)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্স সনদপ্রাপ্তসহ বৈদ্যুতিক লাইন সংযোগ, মেরামত ও স্থাপনের কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৮ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (এলডিএ-কাম-টাইপিষ্ট)<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ৪(চার)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন ২য় বিভাগে উত্তীর্ণসহ টাইপিংয়ে প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। | |
| ১৯ | সায়েন্টিফিক এসিসটেন্ট<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ২(দুই)টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩(তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে কৃষি বিজ্ঞান বিষয়সহ উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ২০ | ড্রাইভার<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ৪(চার)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ২১ | পাম্প অপারেটর<br>টাঃ ৮৮০০-২১৩১০/- (গ্রেড- ১৮) | ১(এক)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক ট্রেডকোর্স পাসসহ পাম্প চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | বরগুনা, ভোলা, পটুয়াখালী, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, ফরিদপুর, গাজীপুর, কিশোরগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, যশোর, কুষ্টিয়া, মেহেরপুর, নড়াইল, সাতক্ষীরা, জামালপুর, নাটোর, এবং নীলফামারী ।<br>তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |
| ২২ | ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ২(দুই)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পরীক্ষাগারে যন্ত্রপাতি পরিস্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ২৩ | ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | |
| ২৪ | অফিস সহায়ক (এমএলএসএস)<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৬(ছয়)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | |
| ২৫ | গার্ড কাম কুক<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৩(তিন)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | |
| ২৬ | নিরাপত্তা প্রহরী (সিকিউরিটি গার্ড)<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ২(দুই)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | |

## নিয়োগের শর্তাবলীঃ

১. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত রহিয়াছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখিতে হইবে।

২. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করিতে হইবে।

৩. মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীগণের জন্য বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য হইবে না।

৪. প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হইতে হইবে এবং কোটা সংক্রান্ত সরকারি সকল বিধি-বিধান অনুসরণ করা হইবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৫. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে এবং পুরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করিতে হইবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনী হইলে তার মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্র/গেজেট এবং আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি-নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৬. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮. আবেদনকারীগণের মোবাইল ফোনে Teletalk Bangladesh Limited হইতে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) SMS এর মাধ্যমে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হইবে।

৯. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://brri.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে পারিবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

- Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৪/০৯/২০২৩ খ্রিঃ, সকাল ১০:০০ টা।
- Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০৫/১০/২০২৩ খ্রিঃ, বিকাল ০৫:০০ টা।
- উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit-করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মত ছবি এবং স্বাক্ষর upload করিয়া আবেদনপত্র Submit-করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit-করা সম্পন্ন প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাইবেন। উক্ত Applicant's copy প্রার্থী downloadপূর্বক রঙিন প্রিন্ট করিয়া সংরক্ষণ করিবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ১-৮ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৬০০/-(ছয়শত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬৭/-(সাতষট্টি)টাকাসহ অফেরতযোগ্য মোট ৬৬৭/-(ছয়শত সাতষট্টি) টাকা, ৯নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৫৬/-(ছাপ্পান্ন )টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৫৬/-(পাঁচশত ছাপ্পান্ন) টাকা, ১০-১২নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৩০০/-(তিনশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৩৪/-(চৌত্রিশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ৩৩৪/-(তিনশত চৌত্রিশ) টাকা, ১৩-২০নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা, ২১-২৬নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/-(একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না"।

**প্রথম SMS: BRRI**<space>**User ID** লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে। *Example: BRRI ABCDEF*
*Reply: Applicant's Name, Tk-........... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BRRI<Space>Yes<Space>PIN and send to 16222.*
**দ্বিতীয় SMS: BRRI**<space>**Yes**<space>**PIN** লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে। *Example: BRRI YES 12345678*
*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BRRI Application for post xxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://brri.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী downloadপূর্বক রঙিন Print করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

User ID জানা থাকিলে: **BRRI**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222
Example: BRRI Help User ABCDEF & send to 16222
PIN Number জানা থাকিলে: **BRRI**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222
Example: BRRI Help PIN 12345678 & send to 16222.

ঝ. **Online-এ আবেদন করিতে কোন সমস্যা হইলে ১২১ এ কল করুন** অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করিয়া মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাইবে। ( Mail /মেসেজ এর Subject-এ Organization Name: BRRI, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://www.brri.gov.bd ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাইবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হইবে।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১০. অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ঠ সময় নিয়া অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

১৩/০৯/২০২৩

(এমরান হোসেন)
উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)
মহাপরিচালকের পক্ষে

স-১৯২৪ (১৬×৮)

